শিষ্যত্বের বিকাশ

অপরিহার্য্য শিক্ষা

পালকীয় কাজে মৌলিক বিষয়গুলি

পাঠ৫: শিশু এবং যুবকদের কাছে পরিচর্য্যা

কোন শিশুকে শিক্ষা দেবার চিন্তা কি আপনাকে আনন্দ দেয় না ভীত করে? প্রভু কিভাবে শিশুদের তাঁর রাজ্যে ব্যবহার করেছেন, আংশিক ভাবে এই বিষয়টি থেকে হয়তো শিশুদের প্রতি পরিচর্য্যা কাজ সম্বন্ধে আপনার যে দর্শন তা নবিনীকরণের সময় এসেছে।

শিষ্যেরা শিশুদের দূর করে দিতে চেয়েছিল, কিন্তু প্রভু যীশু তাদের সাদর অভ্যর্থনা জানিয়েছিলেন, তাদের কোলে নিয়েছিলেন এবং আশীর্বাদ করেছিলেন। শিশু সম্বন্ধে আপনার মন্ডলীতে কোন মতটি আপনি ধারাবাহিক ভাবে দেখতে পান?

ইভেনজেলিকাল মন্ডলীগুলিতে বিশ্বাস করা হয় যে ঈশ্বরের অনুগ্রহ হতে কেউ বঞ্চিত নয়। সুসমাচার প্রতিটি মানুষকে শিক্ষা দেওয়া প্রয়োজন, এবং সুসমাচার প্রচারের সাথে মানুষকে শিষ্যত্বে আনার বিষয়টি যেন প্রতিটি মানুষ, যারা আমাদের জীবনে আসে তাদের কাছে পৌঁছে দেওয়া যায়। কার্য্যক্ষেত্রে দেখা যায় বেশীর ভাগ মন্ডলী সমাজের একটি বৃহৎ অংশকে উপেক্ষা করে থাকে- তারা হলো আমাদের শিশুগণ। সন্তানরা যখন শৈশব অবস্থায় থাকে তখন তাদের বিশ্বাস বৃদ্ধির জন্য সময় না দিয়ে বেশীর ভাগ মন্ডলী অপেক্ষা করে যে পর্য্যন্ত না তাদের শিশুরা বেড়ে ওঠে এবং মন্ডলীর সক্রিয় সদস্য হয়।

বেশীর ভাগ মন্ডলী সমাজের একটি বৃহৎ অংশকে উপেক্ষা করে থাকে- তারা হলো আমাদের শিশুগণ।

এর ফলস্বরূপ অনেক মন্ডলীতে শিশুদের কাছে পরিচর্য্যা কাজের গুরুত্ব সম্পর্কে অযৌতিকভাবে খুব লঘু ধারণা রয়েছে। নার্সারি হতে সান্ডেস্কুলে দেখা যায় পরিচর্য্যা করার জন্য লোকের অভাব, অথবা এমন কিছু লোক নিয়োগ করা হয়েছে যারা গীর্জা চলাকালীন কেবল শিশুদের ঠেকিয়ে রাখে। এটি সত্যি এক অতি দুঃখজনক ঘটনা! মন্ডলী সকল বয়সের মানুষের জন্য, এবং ঈশ্বরের রাজ্যে প্রতিটি ব্যক্তিকে কিছু ভূমিকা পালন করতে হবে! প্রভু যীশু নিজে ছোট শিশুদের তাঁর কাছে আসার জন্য অভ্যর্থনা জানিয়েছিলেন, আর তাই আমাদেরও উচিত এই ক্ষুদ্রদের সম্মানের চোখে দেখা এবং তাদের ঈশ্বরের রাজ্যে কাজের জন্য সজ্জিত করা।

শাস্ত্রে শিশুদের ঈশ্বরের রাজ্যে অবদান সম্বন্ধে উচ্চ প্রশংসা করা আছে। গীত ৮ টি প্রায়শই উদ্ধৃত করা হয়ে থাকে এবং ভুল ভাবে তা প্রয়োগ করা হয়ে থাকে। গীতসংহিতার এই গীতটি প্রতাপের প্রভুর জন্য প্রচন্ড প্রশংসা সহকারে শুরু করা হয়। তারপর গীতরচক স্বীকার করে বলেছেন,'' তুমি শিশু ও দুগ্ধপোষ্যদের মুখ হইতে শক্তির ভিত্তিমূল স্থাপন করিয়াছ, তোমার বৈরীগণহেতুই করিয়াছ যেন শত্রু ও বিপক্ষকে ক্ষান্ত কর"(গীতসংহিতা ৮:২)।

কিছু অনুবাদক এই পদটিকে এইভাবে অনুবাদ করেছেন যে দুগ্ধপোষ্যদের মুখ হইতে তিনি প্রশংসা মনোনীত করেছেন। সেটি এক বিরাট আহ্বান। যদি ঈশ্বরের প্রশংসা করার জন্য মনোনীত করা হয়- প্রতাপের প্রভুর জন্য তবে তা কম কতৃত্বের কাজ নয়। কিন্তু দ্বিতীয় লাইনটি আরও চোখে পড়ার মতো যে আমদের ছোটরা কি অপূর্ব প্রভাবই না ফেলতে পারে যে তারা শত্রুর মুখ বন্ধ করে দিতে পারে! কল্পনা করুন: আমাদের নার্সারি, আমাদের সান্ডেস্কুল এবং আমদের শিশুদের গানের দল তাদের প্রশংসা দিয়ে আমাদের শত্রুদের চুপ করিয়ে দিতে পরে।

এই বিষয়টি আমাদের যেন অবাক না করে। অনত্র শাস্ত্রে প্রভু বলেছেন তিনি আমাদের মধ্যে বলবানদের পরাভূত করতে দুর্বলদের ব্যবহার করেন এবং তিনি জ্ঞানবানদের লজ্জিত করতে মূর্খদের ব্যবহার করেন (১করিন্থীয়১:২৭)। এই বিষয়টি দেখে কেন আমরা অবাক হব যেখানে প্রভু সত্যিই আমাদের শিশুদের তাঁর রাজ্য গড়ার জন্য ব্যবহার করতে চান?

প্রভু বলেছেন তিনি আমাদের মধ্যে বলবানদের পরাভূত করতে দুর্বলদের ব্যবহার করেন এবং তিনি জ্ঞানবানদের লজ্জিত করতে মূর্খদের ব্যবহার করেন (১করিন্থীয়১:২৭)। এই বিষয়টি দেখে কেন আমরা অবাক হব যেখানে প্রভু সত্যিই আমাদের শিশুদের তাঁর রাজ্য গড়ার জন্য ব্যবহার করতে চান?

এটাই যদি অবস্থা হয় তবে শিশুদের শিক্ষা দেওয়া প্রয়োজন যেন তারা জানতে পারে কি ভাবে ঈশ্বরের প্রশংসা করতে হয়! স্পষ্টতইএই বিষয়ে পিতামাতার অনেক দায়িত্ব রয়েছে এবং প্রভুকে প্রেম করার বিষয়ে গৃহেই তাদের শিক্ষাদান করা উচিত। কিন্তু রবিবার সকালবেলা, অথবা সপ্তাহের মাঝে কোন অনুষ্ঠানে এটি অত্যন্ত প্রয়েজনীয় বিষয় যে পিতা মাতা যে উত্তম কাজ শিশুদের জন্য করছেন মন্ডলী তা সমর্থন করে এবং তাদের এই কাজে সহায়তা করে যেন প্রভু শিশুদের মাধ্যমে যে উত্তম কাজ করছেন তা সম্পূর্ণ হয়।

প্রায়শই আমরা আমাদের সন্তানদের সম্বন্ধে দুশ্চিন্তা করি যখন তাদের বয়স হলে তারা গীর্জায় আসে না। তাই আমাদের কর্তব্য হলো শৈশবেই তাদের মনে বিশ্বাসের ভিত্তি মূল ভালো ভাবে গাঁথা। এটি একটি উত্তম পরিকল্পনা! কিন্তু আমাদের অবশ্য কর্তব্য তাদের এখনই শিক্ষা প্রদান করা, যেন তারা কেবলমাত্র শক্তিশালী ঈশ্বর ভক্ত প্রাপ্তবয়স্ক হয়ে ওঠে তাই নয়, কিন্তু বর্তমানে তাদের শৈশব কালীন বিশ্বাসেও দৃঢ় হয়! ঈশ্বরের রাজ্যে তাদের যে প্রভাব তা এখন হতেই শুরু হয়, তাই আমাদের উচিত হবে এখন হতেই তাদের শিক্ষিত করে তোলা!

শিশুদের পরিচর্য্যার জন্য এই ধরণের দর্শন গঠন করলে, আশা করা যায় তাদের এই সমস্ত অনুষ্ঠানে সেবা এবং শিক্ষা দেবার জন্য সাহায্য পাবার অভাব হবে না। অবশ্য এই বিষয়টি অত্যন্ত জরুরী যে শিশুদের পরিচর্য্যা কাজ তাদের দ্বারা সংগঠিত করা কখনোই উচিত হবে না যারা সেই কাজ করতে আগ্রহী নয় অথবা যারা ঈশ্বরের রাজ্যে শিশুদের যে ভূমিকা তাকে লঘু জ্ঞান করে।

শিশুদের শিক্ষা দেবার পন্থা প্রাপ্তবয়স্কদের শিক্ষা দেবার পন্থা হতে আলাদা হলেও জরুরী বিষয় হলো দেখতে হবে যেন শিশুদের কাছেও অনুরূপভাবে বার্তা পৌঁছায়। এই ছোট ছোট সদস্যদের জানা প্রয়োজন ঈশ্বর কে, তারা কার সাথে সম্পর্কযুক্ত, তিনি আমাদের জন্য কি করেছেন এবং প্রতিদানে তিনি আমাদের কাছ হতে কি প্রত্যাশা করেন। তাদের এই বিষয়টিও জানা প্রয়োজন যে তারা শত্রুদের মুখ বন্ধ করতে কার প্রশংসা করছে। আর সেই কারণে আমাদের উদ্দেশ্যমূলক ভাবেই এই শিশুদের শিক্ষা দিতে হবে।

শিশুদের শিক্ষা দেবার পন্থা প্রাপ্তবয়স্কদের শিক্ষা দেবার পন্থা হতে আলাদা হলেও জরুরী বিষয় হলো দেখতে হবে যেন শিশুদের কাছেও অনুরূপভাবে বার্তা পৌঁছায়। এই ছোট ছোট সদস্যদের জানা প্রয়োজন ঈশ্বর কে, তারা কার সাথে সম্পর্কযুক্ত, তিনি আমাদের জন্য কি করেছেন এবং প্রতিদানে তিনি আমাদের কাছ হতে কি প্রত্যাশা করেন। তাদের এই বিষয়টিও জানা প্রয়োজন যে তারা শত্রুদের মুখ বন্ধ করতে কার প্রশংসা করছে।

পর্যালোচনা

- জনসংখ্যার দিক দিয়ে বিবেচনা করলে মন্ডলীতে আমাদের শিশুদের কি সবচেয়ে ছোট করে দেখা হয়।

- প্রভু এই ক্ষুদ্রদিগের প্রশংসা ব্যবহার করে শত্রুর মুখ বন্ধ করেন। তিনি দুর্বলদের ব্যবহার করে শক্তিশালীদের পরাজিত করেন! এর দ্বারা আমাদের কাছে স্পষ্ট হয় শাস্ত্র সম্মত ভাবে আমাদের শিশুদের প্রশিক্ষণ দান করাটা কত জরুরী।

- আমাদের শিশুদের মন্ডলীতে রাখা এবং তারা বড়ো হয়ে ওঠার সাথে সাথে যেন বিশ্বাসে বৃদ্ধি পায় এই বিষয়ে লক্ষ্য রাখা যেমন ভালো, সেইসাথে আমাদের দেখতে হবে যেন প্রশিক্ষণদান তাদের উত্তম কাজের জন্য এখন হতেই প্রস্তুত করে।

আপনার মতামত প্রকাশ করুন

- আপনার মন্ডলীতে কি শিশুদের জন্য কোন অনুষ্ঠানের ব্যবস্থা করা আছে? শিশুদের কি পিতামাতার সাথে মূল আরাধনায় যোগ দিতে হয়? চেষ্টা করুন কি প্রকারে উত্তম রূপে এই শিশুদের এবং তাদের পিতামাতার সাথে যোগাযোগ করা যায় এবং বাইবেলের নিয়ম কানুনগুলি এমনভাবে তাদের কাছে পৌঁছানো যায় যাতে তারা তা বুঝতে পারে এবং তাদের জীবনে প্রয়োগ করতে পারে।

- আপনি কি শিশুদের গুরুত্ব দিয়ে থাকেন? ঈশ্বরের রাজ্যে শিশুদের ভূমিকা সম্বন্ধে আপনার মতামত সৎ ভাবে যাচাই করুন। আপনি কি কখনো চিন্তা করেছেন যে আপনি যখন রবিবারের গীর্জায় বাক্য প্রচার করছেন তখন তারা পবিত্র আত্মার শক্তিতে আপনার বিরুদ্ধে শত্রুদের মুখ বন্ধ করে দিতে সমর্থ? প্রভুর কাছে প্রর্থনা এবং যাঞ্চা করুন যেন আপনার মন্ডলীতে শিশুদের জন্য এক হৃদয় এবং দর্শন পেতে পারেন ।

- আপনার মন্ডলীতে যদি শিশুদের পরিচর্য্যা কাজের জন্য কোন অনুষ্ঠানসূচী বর্তমানে থাকে তবে আপনার কর্মীরা প্রশিক্ষণ দিতে যে উপকরণ গুলি ব্যবহার করে তা পর্যালোচনা করে দেখুন এবং এই গুরুত্বপূর্ণ কাজটি করার জন্য তাদের সম্মান জানাতে ও ধন্যবাদ দিতে ভুলবেন না।

বাইবেলের পদগুলি বাংলা পবিত্র বাইবেল (কেরী সংকলন) থেকে নেওয়া হয়েছে । কপিরাইট © দ্য বাইবেল সোসাইটি অফ ইন্ডিয়া, ২০৬ মহাত্মা গান্ধী রোড, ব্যাঙ্গালোর - ৫৬০ ০০১ ।

এই সকল বিষয়বস্তু জগতের মানুষের কাছে প্রভু যীশু খ্রীষ্টের সুসমাচার প্রচারের উদ্দেশ্যে বিনামূল্যে যতদিন খুশি ব্যবহার করতে পারেন। সকল বিষয়বস্তুগুলির কপিরাইট ©2019Trans World Radio Canada -র অধিনস্থ। লাইসেন্সের বিষয়ে অধিক জানার জন্য দেখুন www.discipleshipessentials.org/licensing